তারিখ 18 APR 2017
পৃষ্ঠা 2 কলাম 6

যুগান্তর

শাবিতে সাংবাদিক নির্যাতনের প্রতিবাদে মানববন্ধন

# ছাত্রলীগের সুনাম রক্ষার্থে দুষ্কৃতকারীদের বহিষ্কার দাবি

**যুগান্তর রিপোর্ট**

ছাত্রীকে যৌন হয়রানির প্রতিবাদ করায় শাহজালাল বিশ্ববিদ্যালয় প্রেস ক্লাবের দুই সাংবাদিক নেতার ওপর হামলার ঘটনায় জড়িতদের বিশ্ববিদ্যালয় ও ছাত্রলীগ থেকে বহিষ্কারসহ দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে মানববন্ধন ও বিক্ষোভ সমাবেশ হয়েছে। সোমবার শাহজালাল বিশ্ববিদ্যালয়ের সাবেক ও বর্তমান সাংবাদিকদের সংগঠন শাহজালাল বিশ্ববিদ্যালয় সাংবাদিক ফোরামের উদ্যোগে জাতীয় প্রেস ক্লাবের সামনে এ কর্মসূচি পালন করা হয়। শাহজালাল বিশ্ববিদ্যালয় প্রেস ক্লাবের প্রতিষ্ঠাতা সাধারণ সম্পাদক ইমাম হাসান মুক্তির সভাপতিত্বে এবং চ্যানেল টুয়েন্টিফোরের ফারুক মেহেদী ও এসএ টিভির মুস্তফা মনওয়ার সুজনের যৌথ পরিচালনায় সমাবেশে বক্তারা বলেন, ঐতিহ্যবাহী ছাত্রলীগে এখন অনেক অনুপ্রবেশকারী রয়েছে। যাদের হাইব্রিড ও কাউয়া বলা হয়। এসব অনুপ্রবেশকারীরাই সংবাদকর্মীদের ওপর হামলা করছে।

সমাবেশে বক্তব্য রাখেন— ঢাকা সাংবাদিক ইউনিয়নের সাধারণ সম্পাদক সোহেল হায়দার চৌধুরী, যুগ্ম-সম্পাদক শাহানা শিউলি, ঢাকার নোয়াখালী সাংবাদিক ফোরামের সাধারণ সম্পাদক মশিউর রহমান রুবেল, আরটিভির ফারুক খান, শাবি ছাত্রলীগের সাবেক সভাপতি আলী আশরাফ কবীর, সমকালের রমাপ্রসাদ বাবু, যুগান্তরের নাঈমুল করীম নাঈম ও আবু তাহের টৌটন। কর্মসূচিতে সংহতি জানান— জাতীয় প্রেস ক্লাবের যুগ্ম-সম্পাদক শাহেদ চৌধুরী, ডিআরইউর সাবেক সাধারণ সম্পাদক সাজ্জাদ আলম খান তপু, এনজেএফের সহ-সভাপতি ফিরোজ আলম মিলন ও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতির সভাপতি মওদুদ আহম্মেদ সুজন।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.................................
তারিখ.................................

| | |
|---|---|
| উপ. পরিসংখ্যান বিভাগ | |
| সিম. ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিস্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর